## একুশে ফেব্রুয়ারী উনিশে মে

নেই একুশের একাত্মতা,
নেই উনিশের উন্মিলন।
আমাদের জন্য অন্য কথা -
উৎসব, মেলা, সম্মেলন।

'বাংলা' শুনে অন্তর জাগে না,
বিস্মরণে নেই কোনো ক্ষতি।
সে-রকম কাজে তো লাগেনা
রোগে পঙ্গু বঙ্গ সংস্কৃতি।

তাও বুঝি বিলীন বন্যায়।
বিকৃতি, মৃত অনুকৃতি
দেখে বলি, 'অন্যায় অন্যায়।'
ধিক্কার কি শোনে আত্মঘাতী?

তবে কি প্রতীক্ষা করে থাকা-
কোন ঝড়ে কলকাতা শহর
হয়ে যাবে একুশের ঢাকা,
হবে উনিশের শিলচর?

প্রতুল মুখোপাধ্যায়

সৃষ্টিসন্ধান
Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com